



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
সরকারি মাধ্যমিক শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.৫৩৫

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪২৭

২১ মে ২০২০

বিষয়: বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে র্‌যাব ফোর্সের কর্তৃক একটি
অস্থায়ী ক্যাম্প স্থাপনের জন্য ব্যবহারের অনুমতি প্রদান।

সূত্র: বাংলাদেশ পুলিশ, র্‌যাব ফোর্সেস সদর দপ্তর, ঢাকা এর স্মারক নম্বর: -৩৫৫/সাধারণ/অপারেশনস/৬২ তারিখ:
২০.০৫.২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে বর্তমান করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতিতে র্‌যাব ফোর্সেস সদর দপ্তরের বিদ্যমান জনবল অনুযায়ী ফোর্স ব্যারাক কম থাকায় ফোর্সদের বসবাসের জন্য বাসস্থান সংকুলান করা সম্ভব হচ্ছে না বিধায় ফোর্সদের স্বাস্থ্যসম্মতভাবে বসবাসের জন্য অস্থায়ী ব্যারাক স্থাপন করা আবশ্যিক মর্মে উল্লেখ করা রয়েছে। একইসাথে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব সরকারি মাধ্যমিক বিদ্যালয়, ঢাকায় একটি অস্থায়ী ক্যাম্প স্থাপনের বিষয়ে সদয় অনুমতি প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হয়েছে।

এমতাবস্থায় উল্লিখিত বিদ্যালয়ে একটি অস্থায়ী ক্যাম্প স্থাপনের অনুমতি প্রদান করা হলো।

উল্লেখ্য, সরকারি ঘোষণা অনুযায়ী পবর্তীতে স্কুল খোলার পূর্বে শিক্ষার্থীদের শিখন শেখানো কার্যক্রমের উপযোগী অবস্থা নিশ্চিত করার জন্য ব্যবহারকারী কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

২১-৫-২০২০

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

পরিচালক (অপারেশনস) বাংলাদেশ পুলিশ, র্‌যাব ফোর্সেস
সদর দপ্তর কুর্মিটোলা, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.৫৩৫/১(১২)

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪২৭

২১ মে ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৩) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
- ৫) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৬) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।

৭) জেলা শিক্ষা অফিসার, ঢাকা।

৮) প্রধান শিক্ষক, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব সরকারি মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা। (প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ)

৯) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১০) পরিচালক (কলেজ ও প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১১) পরিচালক (মাধ্যমিক) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১২) সংরক্ষণ নথি।



১১-৫-২০২০

মোঃ আমিনুল ইসলাম টুকু
সহকারী পরিচালক-১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
র‍্যাব ফোর্সেস সদর দপ্তর
কুর্মিটোলা, ঢাকা।



স্মারক নং-৩৫৫/সাধারণ/অপারেশনস/৬২

তারিখ : ২০ মে ২০২০ খ্রিঃ।

প্রতি,

জনাব প্রফেসর ড. সৈয়দ গোলাম ফারুক
মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।

বিষয়ঃ বঙ্গমাতা শেখ ফজিলাতুলেছা মুজিব সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে র‍্যাব ফোর্সেস কর্তৃক একটি অস্থায়ী ক্যাম্প স্থাপনের জন্য অনুমোদন প্রদান প্রসঙ্গে।

- ১। “র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন” (র‍্যাব) বর্তমান উন্নয়নশীল বাংলাদেশের আপামর জনসাধারণের নির্ভরতার প্রতীক। প্রতিষ্ঠালগ্ন থেকেই এই বাহিনী নিজ কার্যে পেশাদারিত্ব, দক্ষতা, সততা, নিরপেক্ষতার এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করে আসছে। বর্তমান করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতিতেও র‍্যাবের প্রতিটি ব্যাটালিয়নের সদস্যগণ বিশেষ টহল, চেকপোস্ট স্থাপন, ত্রাণ বিতরণসহ দেশের সার্বিক নিরাপত্তায় মাঠ পর্যায়ে দায়িত্ব পালনের পাশাপাশি র‍্যাবের নিয়মিত অপারেশনাল কার্যক্রমও চলমান রয়েছে। দেশের এই ক্রান্তিলগ্নে সকল র‍্যাব সদস্যদের সরকারি নির্দেশনা অনুযায়ী কর্মস্থল ত্যাগ না করার আদেশ প্রদান করা হয়েছে। এ পরিস্থিতিতে, র‍্যাব ফোর্সেস সদর দপ্তরের বিদ্যমান জনবল অনুযায়ী ফোর্স ব্যারাক কম থাকায় ফোর্সদের বসবাসের জন্য বাসস্থান সংকুলান করা সম্ভব হচ্ছে না বিধায় ফোর্সদের স্বাস্থ্যসম্মতভাবে বসবাসের জন্য অস্থায়ী ব্যারাক স্থাপন করা আবশ্যিক।
- ২। উপরিউক্ত বর্ণনার আলোকে, বঙ্গমাতা শেখ ফজিলাতুলেছা মুজিব সরকারি মাধ্যমিক বিদ্যালয়, আশকোনা হাজী ক্যাম্প, উত্তরা, ঢাকায় একটি অস্থায়ী ক্যাম্প স্থাপনের বিষয়ে আপনার সদয় অনুমতি প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
- ৩। এ ব্যাপারে আপনার সার্বিক সহযোগিতা একান্ত কাম্য।

(শাফী উল্লাহ বুলবুল, বিএসপি, বিজিবিএমএস, পিবিজিএমএস)
লেঃ কর্ণেল
পরিচালক (অপারেশনস)
মহাপরিচালকের পক্ষে
তারিখ: ৪৮৯৬৩১০৫